

পরীক্ষা

এইচএসসির ব্যবহারিক পরীক্ষার সময় বাড়ল

নিম্ন প্রতিবেদক ঢাকা

এইচএসসি পরীক্ষা দিচ্ছেন শিক্ষাথীরা ফাইল ছবি

এইচএসসির ব্যবহারিক পরীক্ষার সময় বাড়ানো হয়েছে। আজ রোববার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের [এক বিজ্ঞপ্তিতে](#) এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিদ্যমান সময়সূচি অনুযায়ী ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল গত ২৬ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর পর্যন্ত। পরিবর্তিত সময়সূচি অনুযায়ী ২৬ সেপ্টেম্বর থেকে ৮ অক্টোবর পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৯ অক্টোবরের মধ্যে ব্যবহারিক নম্বর অনলাইনে এন্ট্রি করে ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর প্রতিনিধিকে হাতে হাতে ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে।

 [প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন](#)



 [prothomalo.com](http://www.prothomalo.com)

সত্ত্ব © ২০২৩ প্রথম আলো | সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান